গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৮২

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

বিষয়: **রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ-এর প্রভাষক, ইংরেজি (খন্ডকালীন), জনাব মো: শরিফুল হাসান এর স্থায়ী নিয়োগের বিষয়ে মহামান্য হাইকোর্টের আদেশ পরবর্তী ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ-এর খন্ডকালীন প্রভাষক, ইংরেজি শিক্ষক জনাব মো: শরিফুল হাসান স্থায়ীকরণ না হওয়ায় তিনি পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগ-এ Writ Petition No-৪১৪০/২০১৪ দায়ের করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগ Writ Petition No-৪১৪০/২০১৪ মামলায় গত১৫.০৩.২০১৮ তারিখে রায় প্রদান করেন যে, The respondants are hereby directed to absorb the Petitioner as a Permanent Lecturer as per provisions of Rules 16(8) of bidhimala, 2013 within 6 (six) weeks computed from the receipt of a certified copy of the Judgment and Order।

রিট পিটিশন নং- ৪১৪০/২০১৪ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইনজীবী শেখ শফিক মাহমুদ পুষ্প Contempt Petition No ৪৯৭/২০২০ মতামত করেন যে, মামলাটির সর্বশেষ অবস্থা এই যে, মাউশির পক্ষে ওকালতনামা ও এফিডেভিট মহামান্য আদালতে জমা দেয়া হয়েছে। মন্ত্রনালয়ের পক্ষে ওকালতনামা দেয়া হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে স্থায়ীকরন বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করতে হবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিষয়ে মন্ত্রনালয়ের বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক এফিডেভিট জমা প্রদান করলে চলমান কনটেম্পট পিটিশনটি নিষ্পত্তি হতে পারে মর্মে মতামত প্রদান করেন । তিনি আরো উল্লেখ করেন পিটিশনারকে খন্ডকালীন শিক্ষক হতে স্থায়ী শিক্ষক হিসাবে বিবেচনার ক্ষেত্রে কোন আইনী জটিলতা আছে বলে তার নিকট প্রতীয়মান হয় না।

বিজ্ঞ আইনজীবী শেখ রিয়াজুল হক-এর মতামত, In above facts and circumstances and in my opinion the contempt petitioner/writ petitioner may be absorbed with a condition that the result of the Civil Review Petition will eventually affect the absorption letter and the absorption letter

should not have any affect to the merit of the Civil Review Petition.

এমতাবস্থায়, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং এ বিভাগের বিজ্ঞ আইনজীবীর মতামতের আলোকেরূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ-এর প্রভাষক, ইংরেজি (খন্ডকালীন), জনাব মো: শরিফুল হাসান এর স্থায়ী নিয়োগের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পরবর্তী বোর্ড অব গভর্নরস এর সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৭-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব

অধ্যক্ষ
রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ রূপনগর, মিরপুর,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৮২/১

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) উপসচিব, সরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) জনাব শেখ রিয়াজুল হক, বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৩, সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা।
৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৯-৭-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব